দৈনিক ইত্তেফাক

APR. 24 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ৬

# আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় চট্টগ্রাম ভার্সিটি 'বি' দল চ্যাম্পিয়ন

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।। ৫ম আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় 'বি' দল চ্যাম্পিয়ন হয়েছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি আয়োজিত সপ্তাহব্যাপী ৫ম আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক চ্যাম্পিয়নশীপে ১৮টি শিক্ষা প্রতিষ্ঠানে ২০টি দল অংশ নেয়। গত সোমবার বাণিজ্য অনুষদ মিলনায়তনে চূড়ান্ত প্রতিযোগিতায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় 'বি' দল এবং ঢাকা বিশ্ববিদ্যালয় স্বপার্জিত স্বাধীনতা দল মুখোমুখি হয়। 'নারীর রাজনৈতিক ক্ষমতায়ন ব্যতীত নারীর সামগ্রিক ক্ষমতায়ন অসম্ভব' শীর্ষক বিষয়ে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় 'বি' দল পক্ষে এবং ঢাকা বিশ্ববিদ্যালয় স্বপার্জিত স্বাধীনতা দল বিপক্ষে বিতর্ক করে। সংসদীয় পদ্ধতিতে অনুষ্ঠিত বিতর্কে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় 'বি' দল চ্যাম্পিয়ন' (৩৫১ পয়েন্ট) এবং ঢাবি স্বপার্জিত স্বাধীনতা (৩৪৮ পয়েন্ট) রানার আপ হয়। শ্রেষ্ঠ বিতার্কিক হন সাদরুদ্দীন ইমরান (ঢাবি)। চ্যাম্পিয়নশীপ সমাপনী দিবসে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এজেএম নুরুদ্দীন চৌধুরী প্রধান অতিথি থেকে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। এ সময় প্রো-ভিসি ডঃ মুহাম্মদ শামসুদ্দীন উপস্থিত ছিলেন। গত ১৭ এপ্রিল থেকে ২২ এপ্রিল পর্যন্ত ৫ম আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক চ্যাম্পিয়নশীপে মোট ২৬টি বিতর্ক অনুষ্ঠিত হয়। এছাড়াও ১টি বারোয়ারি বিতর্ক ও ১টি সেমিনার অনুষ্ঠিত হয়।